

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web:www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭- ২৪০

তারিখঃ ১৬/০৮/২০১৭খ্রিঃ


বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত তথ্যাদি ই-মেইল, ফ্যাক্স ও ফোনের মাধ্যমে প্রতিদিন এনডিআরসিসি-তে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জাতীয় দুর্যোগ সাড়াদান ও সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি) ০৩ শিফটে দিন রাত ২৪ ঘন্টা খোলা থাকে। দুর্যোগ সংক্রান্ত প্রতিবেদন প্রতিদিন মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে প্রেরণ করতে হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ জেলা থেকে দুর্যোগ সংক্রান্ত তথ্যাদি এনডিআরসিসি-তে প্রেরণ করা হয় না। যার ফলে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে দুর্যোগ সংক্রান্ত তথ্যাদি যথাসময়ে প্রেরণে জটিলতার সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, দেশের বিভিন্ন জেলায় বিরাজমান বন্যা পরিস্থিতিসহ ক্ষয়ক্ষতি ও ত্রাণ তৎপরতা সম্পর্কিত প্রতিবেদন নিম্নবর্ণিত ই-মেইল, ফ্যাক্স ও টেলিফোনের মাধ্যমে প্রতিদিন দুপুর ১২ টার মধ্যে এনডিআরসিসি-তে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।।

NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪৯১১৬, ৯৫৪০৪৫৪; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৭৫০০০।

Email: ndrcc@modmr.gov.bd/ ndrcc.dmr@gmail.com


(জি এম আব্দুল কাদের)
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোন: ৯৫৪৫১১৫

বিতরণঃ কার্যার্থে

জেলা প্রশাসক----- (সকল)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

- ০১। অতিরিক্ত সচিব ----- (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০২। বিভাগীয় কমিশনার ----- (সকল)
- ০৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।।